



স্মারক নং-৪৬.০০.৮১০০.০০০.৩৩.০০১.২০২১- ২৩৩২

তারিখ : ৩০.০৮.২০২২ খ্রিঃ।

গাছ বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি নং:-০১/২০২২-২০২৩

এতদ্বারা সর্বসাধারণ ও প্রকৃত কাঠ ব্যবসায়ীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী এর কার্যালয়ের ২৪.০৮.২০২২ খ্রিঃ তারিখের ০৫.৪৩.০০০০.০০৫.১৪.০০৩.২২.৬৪০ নং স্মারকের অনুমোদন মোতাবেক রাজশাহী জেলা পরিষদের মালিকানাধীন পুঠিয়া-বাগমারা সড়কের উভয় পাশে তাহেরপুর পর্যন্ত বিভিন্ন প্রজাতির ২৩৫(দুইশত পঁয়ত্রিশ) টি গাছ তালিকা অনুযায়ী (যেখানে যে অবস্থায় চিহ্নিত করা আছে ঐ অবস্থায়) ০৫ (পাঁচ) টি লটে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র বিক্রয়ের দফা	সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান	দরপত্র ক্রয়ের স্থান	দাখিলের স্থান
১ম দফা	১৩.০৯.২০২২ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	১৪.০৯.২০২২ খ্রিঃ দুপুর ১.০০ টা পর্যন্ত	১৪.০৯.২০২২ খ্রিঃ দুপুর ২.০০ টা পর্যন্ত	পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী/জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী/জেলা পরিষদ কার্যালয়, রাজশাহী /উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পুঠিয়া।	পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী/ জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী ও জেলা পরিষদ কার্যালয়, রাজশাহী।
২য় দফা	২০.০৯.২০২২ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	২১.০৯.২০২২ খ্রিঃ দুপুর ১.০০ টা পর্যন্ত	২১.০৯.২০২২ খ্রিঃ দুপুর ২.০০ টা পর্যন্ত		
৩য় দফা	২৭.০৯.২০২২ খ্রিঃ বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত	২৮.০৯.২০২২ খ্রিঃ দুপুর ১.০০ টা পর্যন্ত	২৮.০৯.২০২২ খ্রিঃ দুপুর ২.০০ টা পর্যন্ত		

ক্রমিক নং	রাস্তার নাম/গাছের বিবরণ	প্রতিটি লটের পৃথক পৃথক সিডিউল মূল্য
০১.	পুঠিয়া-বাগমারা সড়কের উভয় পাশে তাহেরপুর পর্যন্ত বিভিন্ন প্রজাতির ২৩৫ (দুইশত পঁয়ত্রিশ) টি।	নগদ ১,০০০/- (এক হাজার) টাকা অফেরতযোগ্য।

শর্তসমূহঃ

- ০১) দরপত্র দাতাকে জামানত বাবদ দাখিলকৃত দরের ১০০% অর্থ বিডি/সিডি/পে-অর্ডার “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী”র অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০২) নির্ধারিত তারিখে দাখিলের জন্য বিক্রিত সিডিউল পরবর্তী দফার ক্ষেত্রে পুনঃ ব্যবহারযোগ্য হবে না। ১ম দফায় দরপত্রের দর সন্তোষজনক অথবা কোন দরপত্র পাওয়া না গেলে একইভাবে পর্যায়ক্রমে ২য় ও ৩য় দফায় দরপত্র আহবান চলমান থাকবে।
- ০৩) দরপত্র দাতার দাখিলকৃত দর অনুমোদনের পর দরপত্র দাতাকে বিধি মোতাবেক দাখিলকৃত দরের উপর ৫% আয়কর এবং ৭.৫% ভ্যাটের টাকার পৃথক পৃথক বিডি/সিডি/পে-অর্ডার “প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রাজশাহী”র অনুকূলে দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ০৪) দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, হালনাগাদ নবায়নকৃত ড্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবে।
- ০৫) বর্ণিত গাছ (যেখানে যে অবস্থায় চিহ্নিত করা আছে) নিজ দায়িত্বে পর্যবেক্ষণ/পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে। পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।
- ০৬) সিডিউলে দর উল্লেখের সময় অংক ও কথায় টাকার পরিমাণ উল্লেখ করতে হবে এবং কোন কাটাকাটি বা ঘষাঘষি করা যাবেনা। কাটাকাটি/সংশোধনের ক্ষেত্রে একটানে কেটে সংশোধন করা যাবে। সে ক্ষেত্রে দরদাতাকে কাটা স্থানে স্বাক্ষর করতে হবে।
- ০৭) গাছ অপসারণের সময় স্থানান্তর/পরিবহনের জন্য বন বিভাগ হতে চলাচল পাশ (টিপি) গ্রহণ করতে হবে।
- ০৮) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মুঃ রেজা হোসেন)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজশাহী।

ফোন : ০৭২১-৭৭৬৩৪৮(অফিস)
ই-মেইল: zprajshahi@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮১০০.০০০.৩৩.০০১.২০২১- ২৩৩২ (১৩)

তারিখ : ৩০.০৮.২০২২ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৪। পুলিশ সুপার, রাজশাহী।
- ০৫। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল).....উপজেলা, রাজশাহী।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ/পটবা/এলজিইডি, রাজশাহী।
- ০৮। প্রশাসক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জেলা পরিষদ, রাজশাহী (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৯। মেসার্স.....স'মিল।
- ১০। অত্র অফিস নোটিশ বোর্ড।

প্রধান নির্বাহী কর্মকর্তা